Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd


জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## দৈনিক আমাদের বার্তা

শিক্ষার্থীদের ঢাবি উপাচার্য

# বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাওয়া মানেই জীবনের শেষ কথা নয়




■ আমাদের বার্তা, ঢাবি

বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিষয়ে সন্তানদের ওপর কোনও ধরনের মানসিক চাপ সৃষ্টি না করার জন্য অভিভাবকদের প্রতি আহবান জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

তিনি বলেছেন, মনে রাখতে হবে ভর্তির সুযোগ পাওয়া মানেই জীবনের শেষ কথা নয়। প্রত্যেক শিক্ষার্থীর নিজেস্ব সক্ষমতা আছে। এ সক্ষমতাকে সমর্থন ও বহিঃপ্রকাশের সুযোগ দেয়া উচিত।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষে কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষা গতকাল শনিবার সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। এতে ২ হাজার ৯৩৪টি আসনের বিপরীতে ১ লাখ ৭ হাজার ৭০১জন ভর্তিচ্ছু শিক্ষার্থী অংশগ্রহণ করেন। উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনের পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করে এসব কথা বলেছেন।

এ সময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষার কো-অর্ডিনেটর সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান এবং প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পরীক্ষাকেন্দ্র পরিদর্শন শেষে বলেন, অত্যন্ত সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

পরীক্ষায় একটি আসনের বিপরীতে প্রায় ৩৯জন ছাত্র-ছাত্রী অংশ নিচ্ছে। এটি খুবই কঠিন একটি প্রতিযোগিতা।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ঢাকার বাইরে সাতটি বিভাগীয় শহরের পাবলিক বিশ্ববিদ্যালয়ে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ঢাকার বাইরে বিভাগীয় শহরের কেন্দ্রগুলো হচ্ছে রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৯ অগ্রহায়ণ ১৪৩২

DU in Media

14 December 2025

## News 24.com

news 24.com

### বেরোবিতে ঢাবি কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

বেরোবি প্রতিনিধি   ১৩ ডিসেম্বর , ২০২৫, ১৭:২৯:৩৪




news 24.com

বেরোবিতে ঢাবি কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

বেরোবি প্রতিনিধি   ১৩ ডিসেম্বর , ২০২৫, ১৭:২৯:৩৪




12/14/25, 9:47 AM   বেরোবিতে ঢাবি কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী পরীক্ষা বে পরিদর্শন করেন। পরিদর্শন শেষে উপাচার্য বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা বেরোবি রংপুর অঞ্চলের সব কেন্দ্রে সুষ্ঠু পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। উত্তর অঞ্চলের পরীক্ষার্থীরা রংপু পরীক্ষা দিতে পারায় তাদের সময় ও অর্থ সাশ্রয় হয়েছে। উপাচার্য শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভ পরীক্ষা সম্পন্ন করায় সন্তোষ প্রকাশ করেন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

# সমকাল




ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান বিন হাদিকে গুলি করার প্রতিবাদে গতকাল শনিবার রাজধানীর নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয়ের সামনে বিক্ষোভ সমাবেশ করে বিএনপি। জড়িতদের গ্রেপ্তার দাবিতে বিএনপির ঢাকা মহানগর দক্ষিণ শাখা আয়োজিত সমাবেশ শেষে বিক্ষোভ মিছিল বের করা হয় ◉ সমকাল




রাজধানীর শাহবাগে গতকাল বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে চব্বিশের গণঅভ্যুত্থানের ঐক্যবদ্ধ মোর্চা জুলাই ঐক্য ◉ ফোকাস বাংলা




হামলাকারীদের বিচার দাবিতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বিক্ষোভ মিছিল করেন জুলাইযোদ্ধা ও জুলাই শহীদ পরিবারের সদস্যরা ◉ সমকাল